

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
সংস্থা-১ শাখা  
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০১৬.১৮.১৪১

তারিখ: ৫ আশ্বিন ১৪২৭  
২০ সেপ্টেম্বর ২০২০

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২১ নভেম্বর ২০১৭ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২২০৪.১৭-৪০০ সংখ্যক পত্রের সুপারিশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে পুলিশ ভেরিফিকেশন, স্বাস্থ্য পরীক্ষা এবং শিক্ষাগত যোগ্যতার সনদ যাচাই সম্পন্নক্রমে নিম্ন বর্ণিত ০১ (এক) জন প্রার্থীকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রথম শ্রেণীর 'প্রোগ্রামার' (৬ষ্ঠ গ্রেড) এর শূন্য পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-৬ (টাকা ৩৫৫০০ -৬৭০১০/-) বেতনক্রমে শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	প্রার্থীর নাম ও পিতার নাম	বিপিএসসি রেজিঃনং	পদের নাম
০১	মো: গোলাম মাহবুব পিতা- মো: আব্দুস সামাদ	০০০৫০৪	প্রোগ্রামার (৬ষ্ঠ গ্রেড)

**০২। চাকরির শর্তসমূহ:**

ক) প্রার্থীকে ০২ বছর শিক্ষানবিশ হিসাবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকেই চাকরি থেকে অপসারণ করা হবে;

খ) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন প্রদত্ত মেধাতালিকা ও প্রচলিত অন্যান্য সরকারি বিধি মোতাবেক প্রার্থীর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

গ) যদি প্রার্থী বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অজ্ঞীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

ঘ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড স্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না;

ঙ) The Government Servants (conduct) Rules 1979 এর ১৩ (১) উপবিধি অনুযায়ী যোগদানের সময় তাঁকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র জমা দিতে হবে;

চ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট ভাবে বর্ণিত হয় নি, এরূপ ক্ষেত্রে প্রার্থীগণের চাকরি বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রচলিত বিধি, আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে প্রার্থীর চাকরি নিয়ন্ত্রিত হবে;

ছ) প্রার্থী কর্তৃক দাখিলকৃত কোন একটি বা একাধিক শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ভবিষ্যতে ভুয়া/ত্রুটিপূর্ণ/জাল বা জালিয়াতি তৎপরতাপূর্ণভাবে সৃষ্ট মর্মে প্রমাণিত হলে কোনো প্রকার কারণ না দর্শিয়ে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে

আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

জ) প্রার্থী যদি শিক্ষানবিশকালীন অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হবার তিন বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন এবং ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হবার পূর্বে যদি তিনি তার কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন তাহলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঝ) প্রার্থীকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পন্ন করতে হবে। নির্ধারিত প্রশিক্ষণ ও প্রশিক্ষণাবিশকাল সন্তোষজনক ভাবে অতিক্রান্তের পর চাকুরিতে স্থায়ী করা হবে;

ঞ) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন প্রার্থী প্রচলিত সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

ট) এ চাকরিতে যোগদানের জন্যে তিনি কোনো প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা পাবেন না এবং


ঠ) এ যোগদানের তারিখ হতে চাকরি কার্যকর হবে।

ড) চাকরি হতে অব্যাহতি নিতে চাইলে প্রচলিত বিধি অনুযায়ী নূন্যতম ১৫ (পনের) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে।

০৩। অনুচ্ছেদ-২ এ উল্লেখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও ঢাকা-১২০৭ বরাবর যোগদানের জন্য অনুরোধ করা হলো।

০৪। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানে ইচ্ছুক নন মর্মে গণ্য করা হবে এবং তাঁর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২১-৯-২০২০

মোঃ মাইনুল হক ভূঁইয়া

উপসচিব

ফোন: ৪১০২৪০৪৯

ইমেইল: moynul@ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০১৬.১৮.১৪১/১(১১)

তারিখ: ৫ আশ্বিন ১৪২৭

২০ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১) সচিব, অর্থ বিভাগ

২) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন

৪) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

৫) অতিরিক্ত সচিব, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৬) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

(প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

- ৯) উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ))
- ১০) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
- ১১) জনাব মো: গোলাম মাহবুব, গ্রাম: বাখড়া, পো: মোলামগাড়ীহাট, উপজেলা: কালাই, জেলা: জয়পুরহাট